

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, মাদারীপুর
জুডিসিয়াল মুন্সিখানা
www.madaripur.gov.bd

স্মারক নম্বর-০৫.৪১.৫৪০০.১২৩.১৪.০১৫.২৬-২৫৪

২৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ

তারিখ :-----

০৮ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা মাদারীপুর জেলার সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চলমান জালানি পরিস্থিতির প্রেক্ষিতে পেট্রোল পাম্প হতে পেট্রোল/অকটেন সংগ্রহের উদ্দেশ্যে জেলা প্রশাসন কর্তৃক ফুয়েল-কার্ড বিতরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আগামী ১২.০৪.২০২৬ তারিখের মধ্যে বৈধ মোটরসাইকেল চালকদের অনুকূলে সংশ্লিষ্ট উপজেলা প্রশাসন কর্তৃক বিনামূল্যে ফুয়েল-কার্ড প্রদান করা হবে। উল্লিখিত সময়ের মধ্যে চালকগণকে নিম্নবর্ণিত কাগজপত্র প্রদর্শন করে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় থেকে অফিস চলাকালীন সময়ে (সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত) ফুয়েল-কার্ড সংগ্রহ করতে অনুরোধ করা হলো। ফুয়েল-কার্ড সংগ্রহের জন্য নিম্নোক্ত কাগজপত্রের মূলকপি সাথে আনতে হবে।


০১. জাতীয় পরিচয়পত্র

০২. রেজিস্ট্রেশন কার্ড

০৩. ড্রাইভিং লাইসেন্স

০৪. পাসপোর্ট সাইজের ছবি-০১ কপি

উল্লেখ্য, ১৩-০৪-২০২৬ তারিখ হতে ফুয়েল কার্ড ব্যতীত জেলার পাম্পসমূহে পেট্রোল/অকটেন সরবরাহ করা হবে না। এ সংক্রান্ত অন্যান্য শর্তাবলী ফুয়েল কার্ডে উল্লেখ থাকবে।

 ০৮.০৪.২৬

(মর্জিনা আক্তার)

জেলা ম্যাজিস্ট্রেট

মাদারীপুর

ই-মেইল: dcmadaripur@mopa.gov.bd

২৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ


স্মারক নম্বর-০৫.৪১.৫৪০০.১২৩.১৪.০১৫.২৬-২৫৪

তারিখ :-----

০৮ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
২. পুলিশ সুপার, মাদারীপুর।
৩. কোম্পানি কমান্ডার, র্যাব-৮, মাদারীপুর।
৪. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মাদারীপুর।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/ শিক্ষা ও আইসিটি/উমাব্য/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর।
৬. উপপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা, মাদারীপুর।
৭. সহকারী কমিশনার (ভূমি), (সকল), মাদারীপুর।
৮. অফিসার ইন-চার্জ (সকল থানা), মাদারীপুর।
৯. সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, মাদারীপুর।
১০. অফিস কপি।

 ০৮.০৪.২৬

জেলা ম্যাজিস্ট্রেট

মাদারীপুর